

জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. রফিকুল ইসলাম এবং বাংলা বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। ভাষাবিজ্ঞান বিভাগ গতকাল বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

বিভাগের অনারারি অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি এবং প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অধ্যাপক ড. আনিসুজ্জামানের ওপর প্রশস্তি পাঠ করেন অধ্যাপক ড. সিকদার মনোয়ার মুর্শেদ এবং অধ্যাপক ড. রফিকুল ইসলামের ওপর প্রশস্তি পাঠ করেন অধ্যাপক ড. ফিরোজা ইয়াসমিন। আলোচনায় অংশ নেন অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী এবং অধ্যাপক ড. সাখাওয়াৎ আনসারী। স্বাগত বক্তব্য দেন ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন ড. সালমা নাসরীন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত হওয়ায় দেশের দুই কৃতি শিক্ষাবিদকে অভিনন্দন জানিয়ে বলেন, বাংলা ভাষা ও সাহিত্যের উৎকর্ষ সাধন তথা জাতি বিনির্মাণে তারা অনন্য অবদান রেখে চলেছেন। মহান মুক্তিযুদ্ধ ও ভাষা আন্দোলনেও তারা অগ্রণী ভূমিকা পালন করেন। ভাষা আন্দোলনের অসংখ্য দুর্লভ ছবি তুলেছিলেন অধ্যাপক ড. রফিকুল ইসলাম। বিশিষ্ট এই নজরুল গবেষক মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি বাহিনীর হাতে নির্যাতিত হন। অধ্যাপক ড. আনিসুজ্জামান মহান মুক্তিযুদ্ধে পরিকল্পনা কমিশনের সদস্য ছিলেন। দেশের বিভিন্ন ক্রান্তিকালে তিনি জাতিকে দিক-নির্দেশনা প্রদান করেন। সততা ও বস্তুনিষ্ঠতা তাদের চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। উপাচার্য বলেন, তাদের জীবন ও কর্ম থেকে নতুন প্রজন্মকে শিক্ষা নিতে হবে। তাদের আদর্শ অনুসরণ করে সকলকে দেশপ্রেমিক, সৎ, বিনয়ী ও মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হতে হবে।